# Times Today BD

রিসালাত আলিফ | ক্যাম্পাস | 12 April, 2025

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) স্নাতক ২০২৪-২৫ শিক্ষাবর্ষের কৃষি গুচ্ছ ভর্তি পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে।

এবারের কৃষি গুচ্ছ ভর্তি পরীক্ষায় বাকৃবিতে উপস্থিতির হার ৯০ দশমিক ৮৯ শতাংশ।মোট ১২ হাজার ৬শ ৬৫ জন ভর্তিচ্ছুর বাকৃবি কেন্দ্রে পরীক্ষা দেওয়ার কথা থাকলেও উপস্থিত ছিলেন ১১ হাজার ৫শ ১১ জন এবং অনুপস্থিতির সংখ্যা ১ হাজার ১শ ৫৪ জন।

শনিবার (১২ এপ্রিল) বিষয়টি নিশ্চিত করেছেন বাকৃবির জনসংযোগ ও প্রকাশনা দফতরের ভারপ্রাপ্ত পরিচালক মোহাম্মদ তৌফিকুল ইসলাম।

ভর্তি পরীক্ষায় বাকৃবি কেন্দ্রে ২২টি অঞ্চলে ২৪৬ টি কক্ষে মোট ১২ হাজার ৬৬৫ জন পরীক্ষার্থীর আসন ব্যবস্থা করা হয়েছিল।পরীক্ষায় প্রশ্ন ফাঁস বা অন্যান্য অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

ভর্তি পরীক্ষা চলাকালীন বাকৃবি পরীক্ষা কেন্দ্রের একাধিক অঞ্চলের বিভিন্ন কক্ষ পরিদর্শন করেছেন কেন্দ্রীয় ভর্তি কমিটির সভাপতি উপাচার্য অধ্যাপক ড. এ কে ফজলুল হক ভূঁইয়া।এসময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ছাত্র বিষয়ক উপদেষ্টা এবং কেন্দ্রীয় ভর্তি কমিটির সদস্য অধ্যাপক ড. মোঃ শহীদুল হক , রেজিস্ট্রার ও কেন্দ্রীয় ভর্তি কমিটির সদস্য সচিব কৃষিবিদ ড. মোঃ হেলাল উদ্দীন, প্রক্টর অধ্যাপক ড. মোঃ আব্দুল আলীম, নিরাপত্তা কাউন্সিল পরিচালক অধ্যাপক ড. মোঃ আরিফুল ইসলাম, সহযোগী ছাত্র বিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. মোহাম্মদ সাইফুল্লাহ, সহকারী প্রক্টর অধ্যাপক ড. সোনিয়া সেহেলী, অধ্যাপক ড. মাহবুবুল প্রতীক সিদ্দিক, জনসংযোগ ও প্রকাশনা দফতরের পরিচালক মোহাম্মদ তৌফিকুল ইসলাম, আইনশৃংখলা রক্ষাকারী বাহিনীর সদস্যবৃন্দ এবং বাকৃবি প্রেসক্লাবের সদস্যসহ অন্যান্য গণমাধ্যমের প্রতিনিধিগণ।

পরীক্ষার সার্বিক বিষয়ে উপাচার্য অধ্যাপক ড. এ, কে, ফজলুল হক ভূঁইয়া বলেন," বাকৃবিসহ ৯টি বিশ্ববিদ্যালয়ে আমাদের পর্যাপ্ত প্রস্তুতি নেয়া হয়েছে এবং বাকৃবিতে অত্যন্ত সুন্দর ও সুষ্ঠু পরিবেশে পরীক্ষা সম্পন্ন হয়েছে।এবারের পরীক্ষার্থীদের মাঝে ছাত্রীদের আধিক্য বেশি।" সফলভাবে পরীক্ষা সম্পন্নের জন্যে তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

এবারের কৃষিগুচ্ছের নেতৃত্বে থাকা বাকৃবির জনসংযোগ ও প্রকাশনা দফতর সূত্রে আরও জানা যায় ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের সম্ভাব্য তারিখ আগামী ১৫ এপ্রিল।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 01:45

URL: https://www.timestodaybd.com/public/campus/681775807